

# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিবিউবি-১(১০২)এমসি-৩/২০১৫-২০১৬/১৪৩(১২৫০)

তারিখঃ ১১-০৮-২০১৫

- ১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
- ২। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরের শাখা ব্যবস্থাপকদের পর্যালোচনা সভা আয়োজন প্রসংগে।

প্রিয় মহোদয়,


উপর্যুক্ত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। গত ০৯-০৮-২০১৫ তারিখ রবিবার ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে বার্ষিক সম্মেলন-২০১৫ অনুষ্ঠিত হয়েছে। উক্ত সম্মেলনে ২০১৪-২০১৫ অর্থ বছরের সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনে সফলতা/ব্যর্থতার বিষয়ে বিস্তারিত আলোচনাসহ চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরের সকল ব্যবসায়িক কার্যক্রম সূষ্ঠ ও সাবলিলাভাবে সম্পন্ন করার কর্মপরিকল্পনা প্রণয়ন এবং তা যথাযথ বাস্তবায়নের বিষয়েও বিস্তারিত আলোচনা হয়েছে। সম্মেলনের প্রধান অতিথি, পরিচালনা পর্ষদের মাননীয় চেয়ারম্যান, বিশেষ অতিথি পর্ষদের পরিচালকবৃন্দ ও ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক মাঠ পর্যায়ের সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, কর্পোরেট শাখা প্রধান ও আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাদেরকে ব্যাংকের ব্যবসায়িক কর্মকাণ্ডসহ যাবতীয় বিষয়ে প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ দিক-নির্দেশনা প্রদান করেছেন। ব্যাংকের যাবতীয় কার্যক্রম শাখাতে সম্পন্ন হয়। শাখাই ব্যাংকের সকল কর্মকাণ্ডের কেন্দ্রবিন্দু। কাজেই ব্যাংকের যাবতীয় কার্যক্রম সূষ্ঠভাবে সম্পন্ন করার লক্ষ্যে উক্ত দিক-নির্দেশনাসমূহ জরুরী ভিত্তিতে শাখা ব্যবস্থাপক ও মাঠকর্মীদের নিকট পৌঁছানো প্রয়োজন।

০৩। এমতাবস্থায়, চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরের সকল ব্যবসায়িক কার্যক্রম সূষ্ঠ ও সাবলিলাভাবে সম্পন্ন করার কর্মপরিকল্পনা প্রণয়ন এবং তা যথাযথ বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদানের লক্ষ্যে আগস্ট/২০১৫ এর মধ্যে সকল অঞ্চলের শাখা ব্যবস্থাপক ও মাঠকর্মীদের পর্যালোচনা সভা সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, শাখা ব্যবস্থাপক ও মাঠকর্মীদের পর্যালোচনা সভা আয়োজন উপলক্ষে গৃহীত কর্মসূচীর একটি কপি শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে জরুরী ভিত্তিতে ডাক/ই-মেইলযোগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৪। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

আপনার বিশ্বস্ত,



(এ, আর, এম আনিস উজ্জামান)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৭৪০২৫

তারিখঃ ১১-০৮-২০১৫

নং-প্রকা/শানিবিউবি-১(১০২)এমসি-৩/২০১৫-২০১৬/১৪৩(১২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৯। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে) বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। নথি/মহানথি।

(মোঃ শাহজাহান)

সহকারী মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৮৭২৩৬